তারিখ 5 AUG 2017
পৃষ্ঠা ৫ কলাম ৮

সমকাল

# ঢাবিতে শিক্ষক নিয়োগ নিয়ে সাদা দলের উদ্বেগ

ঢাকা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য প্যানেল নির্বাচন এবং শিক্ষক নিয়োগে অনিয়ম নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে বিএনপি-জামায়াত সমর্থিত শিক্ষকদের সংগঠন সাদা দল। গতকাল শুক্রবার সাদা দলের আহ্বায়ক অধ্যাপক আখতার হোসেন খান স্বাক্ষরিত এক বিবৃতিতে বলা হয়, বিভিন্ন সময়ে শিক্ষক নিয়োগসহ প্রশাসনের বিভিন্ন অনিয়মের বিষয়ে লিখিত ও মৌখিকভাবে প্রতিবাদ করে আসছেন তারা। কিন্তু প্রশাসন বরাবরই এ প্রতিবাদকে উপেক্ষা করেছে। এর ফলে বিশ্ববিদ্যালয়ের দীর্ঘদিনের ঐতিহ্য প্রশ্নবিদ্ধ হয়ে পড়েছে। শিক্ষক নিয়োগে অনিয়মসহ উপাচার্য প্যানেল মনোনয়নকে কেন্দ্র করে কয়েকদিন ধরে বিভিন্ন গণমাধ্যমে অনাকাঙ্ক্ষিত ও অনভিপ্রেত খবর প্রকাশিত হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যৎ নিয়ে তারা শঙ্কিত এবং চিন্তিত। কয়েক বছরে মেধা ও যোগ্যতাকে পাশ কাটিয়ে দলীয় অনুগত ব্যক্তিদের শিক্ষক নিয়োগ দেওয়ার ফলে ঢাকা বিশ্ববিদ্যালয় দীর্ঘস্থায়ী সংকটে পড়বে। সব অনিয়মের বিচার বিভাগীয় তদন্ত করে যথাযথ ব্যবস্থা নেওয়ার দাবি জানানো হয়েছে বিবৃতিতে।